



বাংলা নববর্ষে দেশবাসী ও প্রবাসীদের শুভেচ্ছা জানালেন জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলা নববর্ষ উপলক্ষে দেশ ও প্রবাসে থাকা সব বাংলাদেশিকে শুভেচ্ছা জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। সোমবার (১৩ এপ্রিল) এক বিবৃতিতে তিনি এই শুভেচ্ছা বার্তা দেন।

বিবৃতিতে তিনি বলেন, সময়ের প্রবাহে আবারও আমাদের সামনে এসেছে বাংলা নববর্ষ। এবারের নববর্ষ কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তনের সাক্ষী হয়ে এসেছে, যা আমাদের জাতীয় জীবনে নতুন তাৎপর্য যোগ করেছে। নতুন বছরের শুরুতে দেশ-বিদেশে থাকা সব বাংলাদেশির প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা ও ভালোবাসা।

তিনি আরও বলেন, ফ্যাসিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ অবস্থান ধরে রেখে দেশকে একটি ন্যায়ের ভিত্তিতে গড়া সমাজে এগিয়ে নিতে হবে। জনগণের আকাঙ্ক্ষিত পরিবর্তনের বাংলাদেশ গড়াই হোক আমাদের মূল লক্ষ্য।

সবাই মিলে ন্যায়বিচার, অর্থনৈতিক মুক্তি ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠার পথে এগিয়ে যাই। আল্লাহ আমাদের সহায় হোন।

LENS ASIA